

সাংবাদিককে মারধর তদন্ত কমিটি গঠিত জবিতে ছাত্রলীগ কর্মী বহিষ্কার

জবি প্রতিবেদক

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ইংরেজি বিভাগের শিক্ষার্থী ও দৈনিক মানবকণ্ঠের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি সোহাইল মিয়াকে মারধর করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ওই ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় ইতিহাস বিভাগের ৮ম সেমিস্টারের শিক্ষার্থী (৬ষ্ঠ ব্যাচ) ও ছাত্রলীগ কর্মী আতাউর রহমান ডেভিটকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করেছে প্রশাসন।

প্রত্যক্ষদর্শীরা জানান, পটুয়াখালী জেলা ছাত্রকল্যাণ পরিষদের উপদেষ্টা ও পটুয়াখালী জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জিয়াউল হক জুয়েল সোমবার ঢাকা থেকে গ্রামের বাড়ি যাওয়ার কুখ্যা ছিল। ওইদিন জিয়াউল হককে সদরঘাট লঞ্চ টার্মিনালে অভিযর্থনা জানায় ছাত্রকল্যাণের সাধারণ সম্পাদক ও মানবকণ্ঠের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি সোহাইল মিয়া। কিন্তু সেখানে সংগঠনের (ছাত্রকল্যাণ) সভাপতি আতাউর রহমান ডেভিটকে সঙ্গে না নেয়ায় সে ফুর্ত হয়। ওই ঘটনার জেরে বুধবার দুপুরে ডেভিট সোহাইলকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের কাছে ডেকে নিয়ে যায়। সেখানে বাকবিতণ্ডার একপর্যায়ে ডেভিটসহ ১০-১২ জন ছাত্রলীগ কর্মী সোহাইলকে বেধড়ক মারধর করে। ছাত্রলীগ কর্মীদের ইটের আঘাতে সোহাইল গুরুতর আহত হয়ে পড়েন। সাংবাদিকরা তাকে প্রথমে ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে তিনি ঢাকা মেডিকেলের ১০৩ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন আছেন। চিকিৎসক জানিয়েছেন, সিটি স্ক্যানে তার মাথায় আঘাতের বিষয়টি স্পষ্ট। তবে তিনি বর্তমানে আশংকামুক্ত।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নূর মোহাম্মাদ সন্ধ্যায় ঢাকা মেডিকেল সোহাইলকে দেখতে যান। সেখানে তিনি সাংবাদিকদের বলেন, ঘটনার সঙ্গে জড়িত শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। কারণ অনুসন্ধানে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির রিপোর্টের পরিপ্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি এফএম শরিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক এসএম সিরাজুল ইসলাম সাংবাদিকদের বলেন, ঘটনার সঙ্গে কোনো ছাত্রলীগ কর্মী জড়িত থাকলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে।